

2023-10

Climate scientist Saleemul Huq no more

The Daily Star

<https://ar.iub.edu.bd/handle/11348/1098>

Downloaded from IUB Academic Repository

পুরানো খবর খুঁজতে তারিখ নির্বাচন করুন:

mm/dd/yyyy

খুঁজুন

রিসেট

ড. সালিমুল হক আর নেই

প্রকাশিত: ৩০ অক্টোবর (সোমবার), ২০২৩ Archive 2022 Source: কূটনৈতিক রিপোর্টার

আন্তর্জাতিক জলবায়ু বিজ্ঞানী সালিমুল হক মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। শনিবার রাত ১০টার দিকে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ৭১ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন। রোববার বাদ আসর গুলশান সোসাইটি মসজিদে তার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্ট (আইসিসিএডি)'র পরিচালক ছাড়াও তিনি ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশের (আইইউবি) অধ্যাপক ছিলেন। পারিবারিক সূত্র ছাড়াও ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্ট (আইসিসিএডি)'র ফেসবুক পেজে তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়। আইসিসিএডি'র পেজে বলা হয়, অত্যন্ত দুঃখ ও ভারাক্রান্ত হৃদয় নিয়ে আমরা আপনাদের জানাচ্ছি যে, আমাদের পরিচালক অধ্যাপক সালিমুল হক মারা গেছেন। এতে আরও বলা হয়, তিনি একজন দূরদর্শী নেতা যিনি জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে বাংলাদেশের লড়াইয়ের কেবল মশাল বাহক ছিলেন না, সমগ্র বিশ্ব সম্প্রদায়ের জন্য তার অতুলনীয় কাজ বছরের পর বছর ও পরবর্তী প্রজন্মের জন্য উজ্জ্বল উদাহরণ হয়ে থাকবে। সালিমুল হক ১৯৫২ সালে জন্মগ্রহণ করেন। তিনি ২০২২ সালে বিজ্ঞান সাময়িকী নেচার'স ঘোষিত শীর্ষ ১০ জন প্রভাবশালী বিজ্ঞানীর একজন নির্বাচিত হন। সালিমুল হক মূলত একজন উদ্ভিদ-জীববিজ্ঞানী ছিলেন। মৃত্যুর আগ পর্যন্ত ঢাকায় ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালকের দায়িত্বে ছিলেন। এদিকে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বাংলাদেশি পরিবেশবিজ্ঞানী এবং ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. সালিমুল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন ও প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার

আলম এমপি। রোববার পৃথক শোকবার্তায় পররাষ্ট্রমন্ত্রী বলেন, ড. সালিমুল হক একজন দূরদর্শী চিন্তাবিদ ছিলেন। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে তিনি শুধু বাংলাদেশের নয়, বরং সমগ্র বিশ্ব সমপ্রদায়ের জন্য একজন পথপ্রদর্শক ছিলেন। তার অতুলনীয় অবদান বছরের পর বছর আগামী প্রজন্মের জন্য উজ্জ্বল উদাহরণ হয়ে থাকবে। জলবায়ু পরিবর্তনের ফলে সবচেয়ে ঝুঁকিপূর্ণ উন্নয়নশীল দেশগুলোর অভিযোজন সংক্রান্ত একজন বিশেষজ্ঞ ছিলেন ড. হক। তিনি লস অ্যান্ড ড্যামেজ ফান্ড গঠনের বিষয়ে আন্তর্জাতিক জনমত গঠনে জোরালো ভূমিকা পালন করেন। এতে আরও বলা হয়, ড. সালিমুল হক জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেলের তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতিতে নেতৃত্ব দেন। ড. মোমেন মরহুম ড. সালিমুল হকের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। আলাদা শোকবার্তায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেন, ড. সালিমুল হক বিশ্বজুড়ে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে একজন অগ্রদূত ছিলেন। তার মৃত্যুতে এই লড়াইয়ে অপূরণীয় ক্ষতি হলো। প্রতিমন্ত্রী মরহুম ড. সালিমুল হকের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

মানবজমিন

প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরী

জেনিথ টাওয়ার, ৪০ কাওরান বাজার, ঢাকা-১২১৫ এবং মিডিয়া প্রিন্টার্স ১৪৯-১৫০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মাহবুবা চৌধুরী কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত।

ফোন : +৮৮ ০২ ৫৫০ ১১৭ ১-৩

ই-মেইল: news@emanabzamin.com

স্বত্ব © ১৯৯৮-২০২৬ মানবজমিন